ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৭৩৬

আগরতলা,১২ নভেম্বর,২০২৫

**প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান-এর অধীনে দূর্বা জয় চৌধুরী পাড়াতে স্বাস্থ্য শিবির**

প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান (পি.এম. জনমন)-এর অধীনে, গতকাল ধলাই জেলার জগবন্ধু পাড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র-এর অধীনস্থ দূর্বা জয় চৌধুরী পাড়া-স্থিত আয়ুষ্মান আরোগ্য মন্দির- এর আওতাধীন ডোলি রায় পাড়া-য় একটি স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের তত্ত্বাবধানে আয়োজিত এই শিবিরটি ছিল প্রত্যন্ত জনজাতীয় অঞ্চলে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার একটি সফল উদ্যোগ। এই স্বাস্থ্য শিবিরে মোট ৪০ জন রোগী বিনামূল্যে চিকিৎসা পরিষেবা ও স্বাস্থ্য সংক্রান্ত সুবিধা পেয়েছেন। শিবিরের প্রধান উদ্দেশ্য ছিল ম্যালেরিয়া, অ-সংক্রামক রোগ স্ক্রিনিং এবং শিশু ও গর্ভবতী মহিলাদের টীকাকরণ- স্বাস্থ্য পরিষেবা প্রদান করা। প্রাথমিক পর্যায়ে রোগ শনাক্তকরণের জন্য এই পরীক্ষাগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ। রোগ নির্ণয়ের পর সকল উপকারভোগীকে বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করা হয়। স্বাস্থ্যকর্মীরা একটি সচেতনতা কর্মসূচি পরিচালনা করেন। এই কর্মসূচিতে স্বাস্থ্যবিধি, পরিষ্কার-পরিচ্ছন্নতা, ম্যালেরিয়া প্রতিরোধ এবং অ-সংক্রামক রোগ প্রতিরোধের উপায় সম্পর্কে স্থানীয় বাসিন্দাদের বিস্তারিতভাবে জানানো হয়।

পি.এম. জনমন মিশনের স্বাস্থ্য উপাদানের লক্ষ্য হল প্রত্যন্ত জনজাতীয় অঞ্চলগুলিতে মোবাইল মেডিকেল ইউনিট (এম.এম.ইউ.) এবং অন্যান্য স্বাস্থ্য পরিষেবাগুলির মাধ্যমে স্বাস্থ্যসেবা নিশ্চিত করা। ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছেন।

*****